ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

আগস্ট/২০২২ মাসের আন্তঃবিভাগীয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ ।। ০১ আগস্ট ২০২২
সময় : বেলা ১১.০০ ঘটিকায়
স্থান : ৮ম তলা সম্মেলন কক্ষ, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্ট ১৯৭৫ সালে নিহত সকল শহীদদেরকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি শোকাবহ আগস্টের ভাব-গাম্ভীর্য রক্ষার্থে সকলের সহযোগিতা কামনা করেন।
অতপর উন্মুক্ত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | শোকাবহ আগস্ট মাসে সরকারি নির্দেশনা মোতাবেক সকল কর্মকর্তা/কর্মচারিগণকে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করতে হবে। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>বিভাগীয় প্রধান (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২. | ক) পরিত্যক্ত ঘোষিত গুলশান শপিং প্লাজা অপসারণের জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। সেইসাথে মার্কেটটি অপসারণে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে পত্র প্রেরণ করতে হবে।<br>খ) বিজিবি মার্কেট উচ্ছেদে সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। মার্কেট উচ্ছেদের পর কমপ্লেক্স নির্মাণ করতে হবে।<br>গ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন পরিত্যক্ত ঘোষিত সকল মার্কেট দ্রুত অপসারণের জন্য ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৩. | সম্পত্তি বিভাগে ১০ জন সার্ভেয়ার এর পদ সৃজনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | সচিব<br>সাংগঠনিক কাঠামো সংক্রান্ত গঠিত কমিটি |
| ৪. | ক) নব গঠিত বাজার সার্কেল এর সাংগঠনিক কাঠামোর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) নবগঠিত ড্রেনেজ সার্কেল কাজের শ্রেণিবিন্যাস ও বাজেট তৈরি করতে হবে।<br>গ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বেসরকারী বাজার ব্যবস্থাপনা প্রবিধানমালা প্রণয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | সচিব<br>সাংগঠনিক কাঠামো সংক্রান্ত গঠিত কমিটি |
| ৫. | ডিএনসিসি'র ফুটপাথসমূহে হকারদের পুনর্বাসনের জন্য একটি মডেল প্রণয়ন করতে হবে। এ বিষয়ে ওয়ার্ড নং-১৪ কে পাইলট হিসেবে নিয়ে কাজ করা হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>প্রধান নগর পরিকল্পনাবিদ |
| ৬. | ক) ব্যাটারিচালিত অটোরিক্সা/ইজিবাইক বন্ধে সহায়তা প্রদানের জন্য পুলিশ কমিশনার বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সচিব |

| | | |
|---|---|---|
| | খ) ডিএনসিসি'র আওতাধীন এলাকায় পুলিশ বক্স নির্মাণসহ অন্যান্য কাঠামো নির্মাণে ডিএনসিসি'র সঙ্গে সমন্বয় করে কাজ করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৭. | বর্জ্য সংগ্রহে ভ্যান সার্ভিসের জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে বিশেষ সভা আহ্বান করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৮. | আমিন বাজার ল্যান্ডফিল্ডের জন্য ৫০ একর জায়গা ক্রয় সংক্রান্ত বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৯. | মেয়র মহোদয়ের সভাপতিত্বে আগামী ০৪ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ডিএনসিসি'র আওতাধীন ৫ তারকা, ৪ তারকা ও ৩ তারকা হোটেলসমূহ থেকে নগর কর (City Tax) আদায়ের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হবে। সভার যাবতীয় প্রস্তুতি রাজস্ব বিভাগ কর্তৃক সম্পন্ন করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১০. | অনলাইন ট্রেড লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার অনুমোদন ব্যতিত যাতে আবেদনকারী লাইসেন্স গ্রহণ করতে না পারেন সে বিষয়টি নিশ্চিত করতে হবে। সিষ্টেম এনালিষ্ট বিষয়টি পরীক্ষা করে সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে অবহিত করবেন। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>সিষ্টেম এনালিষ্ট। |
| ১১. | ক) ই-নথির মাধ্যমে সম্পন্ন করা যায় এমন সব নথির বাছাইকরণ করে তালিকা তৈরি করতে হবে।<br>খ) সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে ই-নথি ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br>গ) নিয়মিত GRS লগ ইন করে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১২. | ডিএনসিসি'র ভান্ডার ও ক্রয় বিভাগ আমিনবাজারে স্থানান্তর করতে হবে। | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা |
| ১৩. | প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়ের সকল অপ্রয়োজনীয় নথিপত্রের তালিকা তৈরী করে ভান্ডার ও ক্রয় বিভাগ হতে ট্রাংক সংগ্রহপূর্বক আমিন বাজার আর্কাইভে প্রেরণ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১৪. | ডিএনসিসি'র নবনির্মিত মার্কেটসমূহ বরাদ্দ প্রদানের জন্য ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল কর্তৃক ফাইল উপস্থাপন করা হয়েছে। রাজস্ব বিভাগ টিইসি সার্কেলের সাথে সভা করে মার্কেট নির্মাণে ব্যয় পর্যালোচনা করে সালামী নির্ধারণ করবে। সালামী নির্ধারণ করার পর পত্রিকায় মার্কেট বরাদ্দ প্রদানের বিজ্ঞাপন প্রদান করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১৫. | মাননীয় মেয়র নতুন এলাকায় ডিএনসিসি'র অর্থায়নে একটি স্টেডিয়াম নির্মাণের অভিপ্রায় ব্যক্ত করেছেন। ডিএনসিসি'র নবগঠিত ১৮ ওয়ার্ডে ২০ বিঘা আয়তনের জমি নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৬-১০ |
| ১৬. | আগামী শনিবার হতে ডিএনসিসি'র আওতাধীন এলাকায় মাইকিং করে কর আদায় শুরু করা হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১৭. | দ্রুততম সময়ের মধ্যে কর সমতায়নের জন্য কাজ আরম্ভ করতে হবে। | সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১৮. | ক) মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে মাননীয় মেয়র এর সৌজন্য স্বাক্ষাতের সূচি নির্ধারিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে স্বাক্ষাৎকালে মেয়র মহোদয় কর্তৃক উপস্থাপনযোগ্য ডিএনসিসি'র গুরুত্বপূর্ণ বিষয়সমূহের তালিকা প্রস্তাব আকারে স্ব স্ব বিভাগ হতে সাচিবিক দপ্তরে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>খ) বিষয় সমূহের একটি প্রেজেন্টেশন প্রধান প্রকৌশলী তৈরি করবেন। | সচিব<br>প্রধান প্রকৌশলী |
| ১৯. | জন্মনিবন্ধন কার্যক্রমটি দ্রুততম সময়ের মধ্যে কাউন্সিলর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৮/22

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০-৫৬৫

তারিখ: ০৮/০৮/22 খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ............................... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ...........ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ............................................................. (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।